গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০৩.২১.৫৮৭

তারিখ: ১ কার্তিক ১৪২৮
১৭ অক্টোবর ২০২১

বিষয়: **বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের উৎপাদিত আসবাবপত্র দরপত্র ব্যতিরেকে সরাসরি ক্রয়-সংক্রান্ত।**

সূত্র: জনাব মোঃ শহিদুল ইসলাম, চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের আধা-সরকারি পত্র নম্বর: ২২.০৩.০০০০.১০১.০২.০০১.২১-৬৭, তারিখ: ০৪.১০.২০২১

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের নিয়ন্ত্রণাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের উৎপাদিত আসবাবপত্র দরপত্র ব্যতিরেকে সরাসরি ক্রয় সংক্রান্ত সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত আধা-সরকারি পত্রটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এইসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: এক পাতা

১৭-১০-২০২১
মোঃ সাজ্জাদুল হাসান
উপসচিব
ফোন: ৯৫৪০৯৭১
ইমেইল: general_sec@cabinet.gov.bd

সিনিয়র সচিব/সচিব (সকল)

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.৯৯.০০৩.২১.৫৮৭/১

তারিখ: ১ কার্তিক ১৪২৮
১৭ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), চেয়ারম্যান, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, বিএফআইডিসি ভবন, ৭৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

১৭-১০-২০২১
মোঃ সাজ্জাদুল হাসান
উপসচিব

মোঃ শহিদুল ইসলাম
(অতিরিক্ত সচিব)
চেয়ারম্যান
বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন

আধা সরকারি পত্র নম্বরঃ ২২.০৩.০০০০.১০১.০২.০০১.২১-৬৭

তারিখঃ ০৪.১০.২০২১ খ্রি.

প্রিয় স্যার,

আস্সালামু আলাইকুম,

আপনি অবগত আছেন যে, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন (বিএফআইডিসি) আওতাধীন আটটি শিল্প ইউনিট ও তিনটি জোনের অধীন ১৮ (আঠার) টি রাবার বাগান রয়েছে।

বিএফআইডিসি'র নিয়ন্ত্রণাধীন আটটি শিল্প ইউনিট স্বাধীনতার পর থেকে বিভিন্ন মন্ত্রণালয় এবং মন্ত্রণালয়ের অধীনস্ত দপ্তর, অধিদপ্তর, পরিদপ্তরসহ সকল সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানে সুনামের সাথে আসবাবপত্র সরবরাহ করে আসছে। মানসম্মত কাঁচামাল দিয়ে এবং উৎপাদনের সকল পর্যায়ে মান নিয়ন্ত্রণের কারনে দেশে প্রাপ্ত সমকক্ষ পণ্যের চেয়ে এ প্রতিষ্টানের পন্য অধিক মানসম্মত, নিরাপদ, পরিবেশবান্ধব, অধিক স্থায়ী এবং আর্থিকভাবে সাশ্রয়ী। এছাড়াও স্থানীয় শিল্পের পর্যায়ক্রমিক বিকাশ ও সংরক্ষণ, দেশীয় দক্ষতা ও অভিজ্ঞতার উন্নয়ন, পর্যাপ্ত কর্মসংস্থান সৃষ্টি ইত্যাদির মাধ্যমে দেশের অর্থনীতির ভিত্তি সুদৃঢ়করণের লক্ষ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়, একনেক সভা ও মন্ত্রিপরিষদ বিভাগ হতে সরকারি শিল্প প্রতিষ্ঠানে উৎপাদিত মানসম্মত পণ্য দরপত্র আহবান ব্যতিরেকে অগ্রাধিকার ভিত্তিতে সরাসরি ক্রয়ের জন্য সুনির্দিষ্ট নির্দেশনা ও অনুশাসন রয়েছে। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮- এর বিধি ৭৬(১)(ছ) অনুযায়ী সরকারি শিল্প প্রতিষ্ঠান হতে সরাসরি ক্রয়ের বিষয়েও গুরুত্ব আরোপ করা হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা ও অনুশাসন অনুসারে দরপত্র আহবান বা প্রক্রিয়াকরণ ব্যতিরেকে বিএফআইডিসি'র অধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের উৎপাদিত পণ্য সরাসরি ক্রয় করা হলে আর্থিক অপচয় রোধ, বিক্রয়োত্তর সেবা প্রাপ্তি, দরপত্র আহবান প্রক্রিয়া/ পুনঃপ্রক্রিয়াকরণে প্রশাসনিক ব্যয় হ্রাস, আমদানির জন্য ব্যয়কৃত বৈদেশিক মুদ্রার সাশ্রয় ও পত্র-পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ বা অডিট আপত্তির বিড়ম্বনা এড়ানো সম্ভব। অধিকন্তু সরকারি শিল্প প্রতিষ্ঠানগুলো লাভজনকভাবে পরিচালিত হবে এবং নতুন প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে পণ্য উৎপাদনে বহুমুখীতা আনয়ন করে বাজারজাত করা সম্ভব হবে। পণ্যের গুণগতমান ও বাজারমূল্য বিবেচনায় আপনার প্রতিষ্ঠান বিএফআইডিসি'র পণ্য ক্রয় করছে বিধায় এ প্রতিষ্ঠানটি এগিয়ে যাচ্ছে। আপনার দক্ষ নেতৃত্বে প্রয়োজন অনুযায়ী এ ক্রয়ের মাত্রা বাড়ানো হলে বিএফআইডিসি নিজস্ব আর্থিক সমৃদ্ধি অর্জনসহ জাতীয় অর্থনীতিতে অবদান রাখতে সক্ষম হবে।

এমতাবস্থায়, দেশীয় শিল্প বিকাশের নিমিত্ত সরকারি নির্দেশনা কার্যকর বাস্তবায়নের লক্ষ্যে বিএফআইডিসি'র নিয়ন্ত্রনাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের উৎপাদিত আসবাবপত্র দরপত্র ব্যতিরেকে সরাসরি ক্রয় (DPM) করে দেশীয় শিল্পের বিকাশ ও অর্থনীতিতে অবদান রাখার জন্য আপনার সুবিবেচনা ও ব্যক্তিগত হস্তক্ষেপ কামনা করছি।

শুভেচ্ছান্তে,

মোঃ শহিদুল ইসলাম
চেয়ারম্যান

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
প্রধানমন্ত্রীর কার্যালয়।

ফ্যাক্সঃ ৯৫৬৩০৩৫ E-mail: bfidc.bd@gmail.com